## মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ

কার্যালয়:২২৯/১, জেল রোড (কাঠগোলা বাজার) ময়মনসিংহ
ফোন: ০২৯৯৭৭১০৪৪০, ০২৯৯৭৭১০৪৫০
Email: chairmanbisemym@gmail.com
www.mymensingheducationboard.gov.bd

স্মারক নম্বর: ময়শিবো/প্রশা:/০২/২৫/১৮(২০২৫)/ ১০০ তারিখ: ০৩/০৭/২০২৫ খ্রি.

**বিষয়: পাঠ্যপুস্তকে ভুল চিহ্নিতকরণ, সংশোধন ও পরিমার্জন প্রসঙ্গে।**

**সূত্র: শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯১.০৬.০০৭.২৪-৫২৩ তারিখ: ০১.০৭.২০২৫ খ্রি.**

উপর্যুক্ত বিষয়ে ২০২৫ শিক্ষাবর্ষের ষষ্ঠ, সপ্তম ও অষ্টম শ্রেণির পাঠ্যপুস্তকসমূহের ভুল সংশোধনের নিমিত্ত সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত শ্রেণি শিক্ষকগণের নিকট থেকে সংশোধন ও পরিমার্জনের প্রস্তাব সংযুক্ত ছক ও নির্দেশনা মোতাবেক আগামী ০৭.০৭.২০২৫খ্রি. তারিখ দুপুর ১২.০০ টার মধ্যে আবশ্যিকভাবে হার্ড কপি ও সফট কপিতে (NikoshBan, ১২ ফন্ট) উপ-সচিব (প্রশাসন ও সংস্থাপন), ময়মনসিংহ শিক্ষা বোর্ড এর নিকট প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো (সফট কপি প্রেরণের মেইল su24.bdsmym@gmail.com)।

০২। উল্লেখ্য, শ্রেণি শিক্ষকগণ সরাসরি সংশোধন ও পরিমার্জন প্রস্তাব সংযুক্ত ছক ও নির্দেশনা মোতাবেক এই ই-মেইলেও (govt.sec2@moedu.gov.bd) প্রেরণ করতে পারবেন।

সংযুক্তি: ছক ও নির্দেশনা ০২ (দুই) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

০৩/০৭/২৫
প্রফেসর মোঃ সফিউদ্দিন সেখ
সচিব
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ

প্রাপক
অধ্যক্ষ/ প্রধান শিক্ষক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ময়মনসিংহ এর আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো:

১. সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়;
২. জেলা প্রশাসক, ময়মনসিংহ, জামালপুর, নেত্রকোণা, শেরপুর ;
৩. উপজেলা নির্বাহী কর্মকর্তা, ময়মনসিংহ শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা;
৪. জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ শিক্ষা বোর্ডের আওতাধীন সকল জেলা;
৫. মাধ্যমিক শিক্ষা অফিসার, ময়মনসিংহ শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা;
৬. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ;
৭. অফিস কপি।

অতীব জরুরি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সরকারি মাধ্যমিক-২ শাখা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯১.০৬.০০৭.২৪- ৫২৩

তারিখ: ১৭ আষাঢ়, ১৪৩২
০১ জুলাই, ২০২৫

বিষয়: **পাঠ্যপুস্তকে ভুল চিহ্নিতকরণ, সংশোধন ও পরিমার্জন প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে ২০২৫ শিক্ষাবর্ষের ষষ্ঠ, সপ্তম ও অষ্টম শ্রেণির পাঠ্যপুস্তকসমূহের ভুল সংশোধনের নিমিত্ত সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত শ্রেণি শিক্ষকদের নিকট থেকে সংশোধন ও পরিমার্জনের প্রস্তাব সংযুক্ত ছক ও নির্দেশনা মোতাবেক আগামী ০৭.০৭.২০২৫ তারিখের মধ্যে আবশ্যিকভাবে হার্ড কপি ও সফট কপিতে (NikoshBan, ১২ ফন্ট) প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০২। উল্লেখ্য, শ্রেণি শিক্ষকগণ সরাসরি সংশোধন ও পরিমার্জন প্রস্তাব সংযুক্ত ছক ও নির্দেশনা মোতাবেক এই ই-মেইলেও (govt.sec2@moedu.gov.bd) প্রেরণ করতে পারবেন।

সংযুক্তি: ছক ও নির্দেশনা ০১ (এক) পাতা।

০১/০৭/২০২৫

মো: ইয়ানুর রহমান
সিনিয়র সহকারী সচিব
ফোন : ২২৩৩৫৬৭৮০
ইমেইল: govt.sec2@moedu.gov.bd

চেয়ারম্যান (সকল)
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

**সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। অতিরিক্ত সচিব (মাধ্যমিক-১), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
০২। যুগ্মসচিব (সরকারি মাধ্যমিক অধিশাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
০৩। শিক্ষা উপদেষ্টার একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
০৪। সিনিয়র সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
০৫। অফিস কপি

**শ্রেণি: ষষ্ঠ, সপ্তম ও অষ্টম**

**পরিমার্জনের নির্ধারিত বিষয়সমূহ:** বাংলা, ইংরেজি, গণিত, বিজ্ঞান, বাংলাদেশ ও বিশ্বপরিচয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, ইসলাম শিক্ষা, হিন্দুধর্ম শিক্ষা, কৃষিশিক্ষা, গার্হস্থ্যবিজ্ঞা এবং শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য।

সুপারিশ প্রণয়ন ছক:

| বিষয়: | | | | শ্রেণি: | |
|---|---|---|---|---|---|
| ক্রম | অধ্যায় ও শিরোনাম | পৃষ্ঠা ও লাইন নম্বর | পাঠ্যপুস্তকে যেভাবে আছে | পরিমার্জন সুপারিশ | পরিমার্জনের পক্ষে যুক্তি ও তথ্যসূত্র (প্রয়োজনীয় ক্ষেত্রে) |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

স্বাক্ষর:
পর্যালোচনাকারীর নাম:
পদবী:
প্রতিষ্ঠানের ঠিকানা:
মোবাইল:
ইমেইল;

**কর্মপদ্ধতি ও নির্দেশনা**

- জাতীয় শিক্ষাক্রম ২০১২-এ বর্ণিত সংশ্লিষ্ট বিষয়ের শিখনফলের আলোকে পরিমার্জনের জন্য সুপারিশ প্রদান করতে হবে;
- ২০২৬ শিক্ষাবর্ষের জন্য প্রণীত খসড়া পাঠ্যপুস্তকসমূহ পর্যালোচনা করতে হবে;
- জাতি, ধর্ম, বর্ণ, ক্ষুদ্র-জাতিসত্তা, জেন্ডার ও পেশাসহ বিভিন্ন বিষয়ে বৈষম্যমূলক ও স্পর্শকাতর শব্দ, বাক্য, তথ্য, ছবি আছে কিনা তা যাচাই করে পরিমার্জনের জন্য সুনির্দিষ্ট সুপারিশ প্রদান করতে হবে;
- পাঠ্যপুস্তকে ভাষা আন্দোলন, মুক্তিযুদ্ধ ও অসাম্প্রদায়িক চেতনা, দেশপ্রেম এবং ধর্মীয় মূল্যবোধ, কাঙ্খিত পারিবারিক ও সামাজিক মূল্যবোধ ও জাতীয় চেতনা পরিপন্থী কিছু থাকলে তা চিহ্নিত করে পরিমার্জনের জন্য সুনির্দিষ্ট সুপারিশ প্রদান করতে হবে;
- পাঠ্যপুস্তকে বিদ্যমান বিষয়বস্তু এবং তথ্যসমূহ পর্যালোচনা করতে হবে এরং প্রযোজ্যক্ষেত্রে নির্ভরযোগ্য উৎস উল্লেখ করে তথ্যসমূহ হালনাগাদ ও সংশোধনের সুপারিশ করতে হবে;
- বাংলা একাডেমি প্রণীত ‘বাংলা বানান – অভিধান’ অনুসরণ করে প্রযোজ্য ক্ষেত্রে বানান সংশোধনীর প্রস্তাব প্রদান করতে হবে;
- পাঠ্যপুস্তকের বিদ্যমান কাঠামো ও বিষয়বস্তু অপরিবর্তিত রেখে কেবল পাঠ্যপুস্তক নির্ভুলকরণে প্রয়োজনীয় সংশোধনী ও পরিমার্জন প্রস্তাব প্রদান করতে হবে;
- ছকে বর্ণিত সুপারিশের বাইরে আর কোনো সুপারিশ থাকলে তা আলাদা কাগজে নাম ও স্বাক্ষরসহ সফ্‌ট কপিতে এই ই-মেইলে (govt.sec2@moedu.gov.bd) প্রেরণ করতে হবে।

০৮/০৭/২০২৫